DEC. 25 2001

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

# ডিএমসিতে ১৩টি নয়া কোর্স চালুর উদ্যোগ

বাকি বিল্লাহ ঃ ঢাকা মেডিক্যাল কলেজে স্নাতকোত্তর ও ডিপ্লোমা পর্যায়ে নয়া ১৩টি কোর্স চালু করা হচ্ছে। এ কোর্সগুলো আগামী জানুয়ারি, মাসের ২০০২ শিক্ষাবর্ষ থেকে চালু করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবরে আবেদন করা হয়েছে। কোর্সগুলো চালু হলে দেশে চিকিৎসা-বিশেষজ্ঞের সংখ্যা বাড়বে। শহর ও গ্রামের দরিদ্র রোগীরা উন্নত চিকিৎসা সেবার সুযোগ পাবে। ঢাকা মেডিক্যাল কলেজের একাধিক সূত্র থেকে এ তথ্য জানা গেছে।

সূত্র জানায়, ঢাকা মেডিক্যাল কলেজে ২০০২ শিক্ষাবর্ষ থেকে ১৩টি কোর্স চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। কোর্সগুলো হচ্ছে ঃ এমফিল এনাটমি, এমডি রেডিও-লজি অ্যান্ড ইমের্জিং, এমডি প্যাথলজি, এমডি নেফ্রোলজি, এমডি কার্ডি-ওলজি, এমডি নিউরোলজি, এমপিএইচ কমিউনিটি মেডিসিন, এম অ্যাপেডিয়েট্রিক সার্জারি, এম এস গাইনি, এমডি ইন্টারন্যাল মেডিসিন, এমফিল ফিজি-ওলজি, এমফিল মেডিক্যাল বায়োকেমিস্ট্রি ও এম এম অফথ্যালমোলজি।

সূত্র জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএমডিসির স্বীকৃত কারিকুলাম অনুযায়ী নয়া কোর্সগুলো চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। এ ব্যাপারে গত নভেম্বর মাসে ঢাকা মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ মন্ত্রণালয়ের সচিব বরাবর চিঠিও

নয়া কোর্স ঃ পৃঃ ২ কঃ ৩

## নয়া কোর্স ঃ ডিএমসি

(১ম পৃষ্ঠার পর)

পাঠিয়েছেন।

কলেজ সূত্রে জানা গেছে, ঢাকা মেডিকাল কলেজে স্নাতকোত্তর কোর্স চালু করার জন্য জনবল ও অন্যান্য সুবিধা পর্যাপ্ত রয়েছে।

সূত্র জানায়, ঢাকা মেডিক্যাল কলেজে এমবিবিএস, স্নাতকোত্তর ও ডিপ্লোমা কোর্স চালুর জন্য বিভিন্ন বিভাগে পর্যাপ্ত বৈজ্ঞানিক যন্ত্রপাতি দরকার। এছাড়া হাতে-কলমের ব্যবহারিক পরীক্ষা করার জন্য যেসব বৈজ্ঞানিক যন্ত্রপাতি রয়েছে তাও পর্যাপ্ত নয়। স্নাতকোত্তর কোর্স চালুর পাশাপাশি বিভাগগুলোতে পর্যাপ্ত যন্ত্রপাতি বাড়ালে ছাত্ররা আরো বেশি চিকিৎসা শিক্ষার সুযোগ পাবে।

সূত্র জানায়, নয়া কোর্সগুলো চালু হলে এবং পর্যাপ্ত চিকিৎসা সামগ্রী থাকলে দেশে নয়া সৃষ্টি হওয়া রোগগুলো নিয়ে গবেষণা করা সম্ভব হবে।

উল্লেখ্য, ঢাকা মেডিক্যাল কলেজে স্নাতকোত্তর ও ডিপ্লোমা পর্যায়ে আরো ১২টি কোর্স চালু রয়েছে। নয়া ১৩টি কোর্স চালু হলে এর সংখ্যা হবে ২৫।